

শিক্ষার্থীদের সনদ যাচাই করবে অ্যাপ

টেক প্রতিদিন ডেস্ক ▷

অ্যাপের মাধ্যমে দ্রুত যাচাই করা যাবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সনদ। ফলে সনদ যাচাইয়ের বর্তমান দীর্ঘসূত্রতা কমে আসবে এবং চাকরিদাতা, শিক্ষাপ্রতিষ্ঠান প্রয়োজন অনুযায়ী সনদ যাচাই করতে পারবে। এরই মধ্যে ব্লক চেইন প্রযুক্তিনির্ভর 'স্টুডেন্ট ডকুমেন্ট ভেরিফিকেশন' অ্যাপ তৈরি করেছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগ। অ্যাপটি ব্যবহার করে সনদ ভেরিফিকেশন প্রক্রিয়া সফলভাবে সম্পন্নও করেছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। গতকাল বিশ্ববিদ্যালয় মিলনায়তনে 'ব্লক চেইন প্রযুক্তিতে সনদ যাচাই' বিষয়ে আয়োজিত সাংবাদ সম্মেলনে বঙ্গারা জানান, সফটবিডি লিমিটেডের কারিগরি সহায়তায় বিশ্ববিদ্যালয়ে সনদ যাচাইয়ের আধুনিক ও নিরাপদ এ পদ্ধতি তৈরি করা হয়েছে। শুধু তা-ই নয়, এ প্রযুক্তিসেবা চালুর আগে বিশ্ববিদ্যালয়ের সফটওয়্যার ইঞ্জিনিয়ারিং বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের পাশাপাশি সফটবিডি লিমিটেডের প্রকৌশলীরা যৌথভাবে দীর্ঘদিন গবেষণা করেছেন।

<https://play.google.com/store/apps/details?id=com.softbdltd.bccertificate> ঠিকানায় পাওয়া যাবে অ্যাপটি।